দৈনিক সংবাদ

JAN. 04 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা · কলাম ... ...

# ভীষণ ব্যস্ত এখন বাংলাবাজারের বই বিক্রেতারা

রাশেদ মেহেদী ॥ ভীষণ ব্যস্ত এখন বাংলাবাজারের বই বিক্রেতারা। সারাদেশ থেকে ক্রেতারা এখানে ভিড় জমাচ্ছেন। নতুন বছরের পাঠ্যপুস্তক নিয়ে যাচ্ছেন। বিক্রেতা এবং ক্রেতা কারও নিশ্বাস ফেলার সময় নেই। গতকাল দেশের বইয়ের বৃহত্তম পাইকারি বাজার বাংলাবাজারে ঘুরে এ চিত্র দেখা গেছে।

উল্লেখ্য, মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক মূলত বাংলাবাজার থেকে পাইকারি হিসেবে বিক্রি হয়। সারাদেশের খুচরা বিক্রেতারা এখান থেকেই বই সংগ্রহ করেন।

গতকাল দেশের বিভিন্ন স্থান থেকে আসা খুচরা বিক্রেতা ও বাংলাবাজারের পাইকারি বিক্রেতাদের সাথে আলাপ করে জানা গেল প্রথম পর্যায়ে যেসব বই বাজারে এসেছে সেসব বই চাহিদামতো সরবরাহ করা হচ্ছে। আপাতত সঙ্কট হওয়ার কোন সম্ভাবনা নেই। তবে বিক্রেতারা জানান, এ বছর প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসার বই একই সাথে একই সময়ে বাজারে আসায় বই বাঁধাই নিয়ে সমস্যা হচ্ছে।

তারা জানান, দেশে এমনিতেই বই বাঁধাইকারীর সংখ্যা কম। ৩টি স্তরের বই একই সাথে বাঁধাই করতে জনবলের অভাব দেখা দিয়েছে। ফলে পর্যাপ্ত পরিমাণ বই মুদ্রিত অবস্থায় থাকলেও নির্দিষ্ট সময়ের মধ্যে বাঁধাই না হওয়ার কারণে একটু সমস্যা হচ্ছে। আগামী সপ্তাহে এ সমস্যা থাকবে না বলে তারা জানান।

বিভিন্ন জেলা থেকে আগত ক্রেতারা জানালেন, বই পেতে সমস্যা হচ্ছে না। এবার ন্যায্যমূল্যেই পাইকারি দরে তারা বই কিনছেন। গত বছরের পুরনো ও নকল বই প্রসঙ্গে আলাপ করলে তারা জানান, এবার নতুন বই সাদা কাগজে ছাপা হয়েছে এবং এর মূল্যও গত বছরের চেয়ে কম। ফলে আমাদের নতুন বই বিক্রি করেই লাভ বেশি। কোন খুচরা বিক্রেতাই অধিক দামে নিউজপ্রিন্টের পুরনো বই কিনতে আগ্রহী হবে না। ফলে পুরনো বই বিক্রি হওয়ার সম্ভাবনা নেই। এছাড়া বই নকল করলেও এবার লাভ হবে না বলে তারা জানান। কারণ আসল বইয়ের দাম কম। নকল করলে পোষাবে না। এছাড়াও কর্তৃপক্ষের কড়া নজরদারির কারণে নকল বা পুরনো বই বিক্রি সহজ নয়।

বর্তমানে প্রথম পর্যায়ে বাজারে আসা মাধ্যমিক স্তরের বিভিন্ন শ্রেণীর বইয়ের মূল্য তালিকা ক্রেতাদের সুবিধার্থে নিচে দেয়া হলো। এ মূল্যের চেয়ে কোন অবস্থাতেই বেশি দামে বই বিক্রি না করার জন্য সরকারিভাবে নির্দেশ দেয়া হয়েছে।

৬ষ্ঠ শ্রেণীর বাংলা ২৪ টাকা ৬০ পয়সা, ইংরেজি ২৫ টাকা ৯৫ পয়সা, অংক ২৭ টাকা ২০ পয়সা, সমাজ ২৩ টাকা ৩৪ পয়সা, বিজ্ঞান ৩২ টাকা ১০ পয়সা, ইসলাম ধর্ম ১৫ টাকা ৯৫ পয়সা, হিন্দুধর্ম ১৪ টাকা ৭০ পয়সা ও গার্হস্থ্য বিজ্ঞান ১৬ টাকা ৪৫ পয়সা। ৭ম শ্রেণীর বাংলা ৩২ টাকা ২০ পয়সা, ইংরেজি ২৯ টাকা ৬০ পয়সা, অংকে ২৬ টাকা ৪৫ পয়সা, সমাজ ৩০ টাকা ২১ পয়সা, বিজ্ঞান ৪০ টাকা, ইসলাম ধর্ম ১৭ টাকা ৮০ পয়সা ও গার্হস্থ্য বিজ্ঞান ২৪ টাকা ৫ পয়সা। ৮ম শ্রেণীর বাংলা ৩৫ টাকা ২০ পয়সা, ইংরেজি ২৭ টাকা ২০ পয়সা, অংকে ৩৮ টাকা ৭০ পয়সা, সমাজ ২৯ টাকা, বিজ্ঞান ৫০ টাকা ৮০ পয়সা, ইসলাম ধর্ম ২৩ টাকা ৯৫ পয়সা ও কৃষি বিজ্ঞান ৩২ টাকা ২০ পয়সা। ৯ম শ্রেণীর বাংলা গদ্য ৩০ টাকা ৮৫ পয়সা, বাংলা কবিতা ২০ টাকা ৯৫ পয়সা, বীজগণিত ২৭ টাকা ১০ পয়সা, জ্যামিতি ৩১ টাকা ৪৫ পয়সা, ইংরেজি ৪৬ টাকা ৩০ পয়সা, বাংলা ব্যাকরণ ৪০ টাকা ৬০ পয়সা, সহপাঠ ১৮ টাকা ৩৫ পয়সা, সামাজিক বিজ্ঞান ৫১ টাকা ৩৫ পয়সা, সাধারণ বিজ্ঞান ৫০ টাকা ১০ পয়সা,

ব্যস্ত ঃ পৃঃ ২ কঃ ৪

## ব্যস্ত ঃ বই বিক্রেতারা

( ১২-এর পৃষ্ঠার পর )

পদার্থ বিজ্ঞান ৭৪ টাকা ১০ পয়সা, জীব বিজ্ঞান ৫২ টাকা ১০ পয়সা, অর্থনীতি ২৭ টাকা ৮০ পয়সা, হিসাব বিজ্ঞান ৪৩ টাকা ৯০ পয়সা, ব্যবসা উদ্যোগ ১৯ টাকা, ব্যবসায় পরিচিতি ২৯ টাকা ৬৫ পয়সা ও উচ্চতর গণিত ১৪ টাকা ৭০ পয়সা।

গতকাল নীলক্ষেত, নিউমার্কেট, কলাবাগানসহ রাজধানীর বিভিন্ন স্থানে বইয়ের দোকানগুলোতে খুচরা মূল্যে বই বিক্রি হতে দেখা গেছে। তবে এসব এলাকার খুচরা বিক্রেতারা জানান, এ মুহূর্তে বই খুবই কম বিক্রি হচ্ছে। কারণ স্কুলগুলোতে এখনও নতুন বছরের ক্লাস ঠিকমতো শুরু হয়নি। এ মাসের তৃতীয় সপ্তাহে বই বিক্রি বেড়ে যাবে বলে তারা জানান।